চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০৬ জুন ২০১৮খ্রি.

শিক্ষা প্রতিষ্ঠান ব্যাংকিং বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাথে প্রিমিয়ার ব্যাংকের সমঝোতা চুক্তি স্বাক্ষর

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানে টিউশন ফি আদায়, মাল্টিমিডিয়া ক্লাস রুম, ফাস্ট ট্রেক, গরীব ও মেধাবী ছাত্রদের বৃত্তিপ্রদান, জিপিএ-৫ প্রাপ্তদের এককালিন অনুদান, স্কুল সবুজায়ন, উন্নয়ন সহ শিক্ষক-শিক্ষিকা, ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের ব্যাংকিং সুবিধা প্রদানের লক্ষে প্রিমিয়ার ব্যাংক চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছে। ৬ জুন ২০১৮ খ্রি. বুধবার, দুপুরে নগরভবনে সম্মেলন কক্ষে এ চুক্তি স্বাক্ষরিত হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের উপস্থিতিতে চুক্তিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষে স্বাক্ষর করেন প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, প্রিমিয়ার ব্যাংকের পক্ষে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এম রেজাউল করিম। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন, প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি নাজমুল হক ডিউক, কাউন্সিলর শৈবাল দাশ সুমন, সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মো. রফিকুল ইসলাম, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মো. সাইফুদ্দিন, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম ও প্রিমিয়ার ব্যাংকের পক্ষে অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক আবদুল জব্বার, ব্যাংক কর্মকর্তা মো. শামিম মোরশেদ সহ অত্র ব্যাংকের বিভিন্ন স্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বাংলাদেশের জনগণের দৃষ্টি ভঙ্গি, রুচি, মন মানসিকতা ও সেবাপ্রাপ্তির দৃষ্টিকোণ থেকে প্রিমিয়ার ব্যাংক স্কুল ব্যাংকিং সেবায় এগিয়ে আসায় ব্যাংকটির কর্তৃপক্ষকে সাধুবাদ জানান। মেয়র বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন বছরে প্রায় ৭০ হাজার শিক্ষার্থীর অধ্যয়নের সুযোগ করে দিয়েছে। শিক্ষাবিভাগ পরিচালনায় ১৩শত শিক্ষক ও ৪শত কর্মচারী কাজ করছে। এ খাতে বছরে প্রায় ৪৩ কোটি টাকা ভর্তুকি দিয়ে চসিক আলোকিত মানুষ গড়ার দায়িত্ব পালন করছে। শিক্ষা এবং স্বাস্থ্য সেবার জন্য নাগরিকদের কাছ থেকে কোন ধরনের ট্যাক্স বা রেইট আদায় করা হয় না।তিনি আশা করেন প্রিমিয়ার ব্যাংক বাণিজ্যিক দৃষ্টিকোণের বাহিরে সরকারের ডিজিটাল সেবার অংশিদার হিসেবে শিক্ষার্থীদের পাশে দাঁড়ানোর জন্য এই ব্যাংকটির প্রতি সাধারণ মানুষের আস্থা ও বিশ্বাস আরো বাড়বে। এ ধরণের সেবায় সকল ব্যাংক এগিয়ে এলে সাধারণ মানুষ উপকৃত হবে।

চট্টগ্রাম- ০৬ জুন ২০১৮খ্রি.

নিউমার্কেট, পুরাতন রেল স্টেশন, জিপিও ও শাহআমানত শপিং কমপ্লেক্স অঞ্চলে সৌন্দর্যবর্ধনের লক্ষে চসিকের সাথে স্ক্রিপ্ট এবং আদিওস ইঙ্ক এর মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষর

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন তাঁর ভিশন অনুযায়ী নগরীর গুরুত্বপূর্ণ গোলচত্বর, মিডআইল্যান্ড ও ফুটপাত এবং নানাস্থাপনাকে সৌন্দর্যবর্ধন করছেন। এ কর্মসূচির আওতায় ৬ জুন ২০১৮ খ্রি. বুধবার, দুপুরে নগরভবনে নগরীর বাণিজ্যিক প্রাণকেন্দ্র নিউমার্কেট থেকে শুরু করে পুরাতন রেলওয়ে স্টেশন সড়ক, জিপিও এবং শাহ আমানত শপিং কমপ্লেক্স পর্যন্ত অঞ্চলের সৌন্দর্যবর্ধনের লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন, স্ক্রিপ্ট এবং আদিওস ইঙ্ক এর মধ্যে একটি চুক্তি স্বাক্ষর হয়। নিউ মার্কেট গোল চত্বরসহ নিউমার্কেট থেকে শুরু করে পুরাতন রেল স্টেশন সড়ক, জিপিও এবং শাহ আমানত শপিং কমপ্লেক্স পর্যন্ত প্রায় ১ দশমিক ৭ কিলোমিটার দীর্ঘ রাস্তার মিডআইল্যান্ড এবং ফুটপাতের বিউটিফিকেশনের লক্ষ্যে এ চুক্তি হয়েছে। শামীম কর্পোরেশনের সহায়তায় স্ক্রিপ্ট এবং আদিওস ইঙ্ক উক্ত বিউটিফিকেশনের কাজ সম্পাদন, বাস্তবায়ন এবং পরবর্তী রক্ষণাবেক্ষণের দায়িত্ব গ্রহন করে। মেয়রের উপস্থিতিতে চসিকের পক্ষে প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা এবং স্ক্রিপটের পক্ষে স্ক্রিপ্টের হেড অফ প্লেনিং এন্ড ক্রিয়েটিভ সোহান মাসুদ ও আদিওস ইঙ্ক এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আব্দুল আহাদ চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ২০১৮ সালের মধ্যে নগরীর বিউটিফিকেশন প্রজেক্টগুলো সম্পন্নের মাধ্যমে গ্রিন সিটি ও ক্লিন সিটির ভিশন সফল করার আশাবাদ ব্যক্ত করেন মেয়র আ জ ম নাছির উদ্দীন। নগরের স্ক্রিপ্ট এবং আদিওস ইঙ্ক এর মত কর্পোরেট হাউসগুলো নগরীর সৌন্দর্যবর্ধনের সহযোগিতায় এগিয়ে আসবে এই আশাবাদও ব্যক্ত করেন তিনি । স্ক্রিপ্টের হেড অফ প্লেনিং এন্ড ক্রিয়েটিভ সোহান মাসুদ বলেন, আমাদের প্রাণের শহর চট্টগ্রাম। এই শহরের সবচেয়ে গুরুত্বপূর্ন ল্যান্ডমার্ক নিউমার্কেট। নিউ মার্কেট ও এর সংলগ্ন সড়কের সবুজায়ন ও বিউটিফিকশনে অংশ গ্রহণের সুযোগ পেয়ে আমরা অত্যন্ত গর্বিত। তিনি জানান সৌন্দর্যবর্ধনের সাথে সাথে উক্ত প্রকল্পে আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সংযুক্ত করতে আমরা বদ্ধপরিকর। এ সময় তিনি জানান গোল চত্বর ও মিড আইল্যান্ডের সৌন্দর্যবর্ধনের পাশাপাশি আধুনিক ও দৃষ্টিনন্দন যাত্রি ছাউনী, মানসম্পন্ন আধুনিক পাবলিক টয়লেট স্থাপন সহ, এক্সিসটিং ফুট ওভার ব্রিজের সংস্কার ও সৌন্দর্যবর্ধনের মাধ্যমে তা ব্যবহার উপযোগী করে তোলা হবে। আদিওস ইঙ্কের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আব্দুল আহাদ এসময় গ্রিন সিটি ক্লিন সিটির ভিশন বাস্তবায়নে অংশ গ্রহণের সুযোগ দেওয়ায় সিটি মেয়রের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করে তিনি বলেন, মেয়র নগরীর সৌন্দর্যবর্ধনে গ্রিন সিটি ক্লিন সিটি বাস্তবায়নের যে উদ্যোগ গ্রহণ করেছেন তা প্রশংসনীয়। নগরির পরিচ্ছন্ন পরিবেশ রক্ষার্থে নগরবাসিকে সজাগ ও সচেষ্ট হওয়ার আহŸান জানান তিনি। উল্লেখ্য, সম্পূর্ন নিজস্ব অর্থায়নে শামীম কর্পোরেশানের সহায়তায় উক্ত বিউটিফিকেশনের কাজ সম্পাদন, বাস্তবায়ন ও পরবর্তী রক্ষনাবেক্ষনে এগিয়ে এসেছে স্ক্রিপ্ট এবং আদিওস ইঙ্ক। এ সময় আরও উপস্থিত ছিলেন, চসিকের প্রধান

রাজস্ব কর্মকর্তা ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, চসিকের চীফ সিটি প্লেনার আর্কিটেক্ট এ কে এম রেজাউল করিম,স্ক্রিপ্টের হেড অফ অপারেশান আরিফুল হাসান প্রমুখ।

চট্টগ্রাম- ০৬ জুন ২০১৮খ্রি.

ইসলামী ব্যাংক বাংলাদেশ লি: কে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আবদুল আলী শপিং আর্কেড ৩য় তলা ভাড়ায় হস্তান্তর

চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্মিত আবদুল আলী শপিং আর্কেডের ৩য় তলা ইসলামী ব্যাংক বাংলাদেশ লি:কে ২ বছর মেয়াদে ভাড়ায় দিল চট্টগ্রাম সিটি কর্পোরেশন। ৫ হাজার ৮ শত বর্গফুটের এই ফ্লোরটির মাসিক ভাড়া ১ লক্ষ ৭৫ হাজার টাকা। সিটি কর্পোরেশন ২ বছরের ভাড়া বাবদ ৪১ লক্ষ ৭৬ হাজার টাকা ইসলামী ব্যাংক বাংলাদেশ লি: থেকে অগ্রীম নিয়েছে। এ বিষয়ে ৬ জুন ২০১৮ খ্রি. বুধবার দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও ইসলামী ব্যাংক বাংলাদেশ লি: এর মধ্যে ৫ বছর মেয়াদে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিতে স্বাক্ষর করেন সিটি কর্পোরেশনের পক্ষে প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা এবং ব্যাংকের পক্ষে ভিপি ও হেড অব ব্রাঞ্চ মো. ইয়াকুব আলী। চুক্তি সম্পাদন অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন, সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমানসহ ইসলামী ব্যাংক বাংলাদেশ লি: এর বিভিন্নস্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ৬ জুন ২০১৮ খ্রি.

চসিক এর ভ্রাম্যমাণ আদালতের অভিযান অব্যাহত

৬ জুন ২০১৮ খ্রি. বুধবার, দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিষ্ট্রেট(যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। অভিযানকালে ইপিজেড থানাধীন ইপিজেড এলাকায় রাজস্ব সার্কেল-৮ এর আওতায় বকেয়া গৃহকর ও ট্রেড লাইসেন্স ফি আদায়ের জন্য ভ্রাম্যমান আদালত পরিচালনাকালে চৌধুরী মার্কেট ও মিনি চৌধুরী মার্কেটে ৩৫টি ট্রেড লাইসেন্স ইস্যু করে ৯৯ হাজার ৯ শত টাকা আদায় করা হয়। একই অভিযানে দক্ষিণ হালিশহর মৌজার হোল্ডিং নং-১৭৭০ এর মালিকের কাছ থেকে বকেয়া গৃহকর বাবদ ২ লক্ষ ৩৭ হাজার ৭ শত ২০ টাকা স্টান্ডার্ড ব্যাংক লি: এর চেক মূলে আদায় করা হয়।
অভিযানকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রাজস্ব সার্কেল-৮ এর কর কর্মকর্তা মো. ইউসুফসহ সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন